যুগান্তর

তারিখ 26 SEP 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৫

# ঢাবিতে 'অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম ট্রাস্ট ফান্ড স্বর্ণপদক' প্রবর্তন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ম্যানেজমেন্ট বিভাগে 'অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম ট্রাস্ট ফান্ড' প্রতিষ্ঠা করা হয়েছে। এ লক্ষ্যে বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. মো. মইনুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে ১০ লাখ টাকার একটি চেক হস্তান্তর করেন। এই ট্রাস্ট ফান্ড থেকে প্রতি বছর ম্যানেজমেন্ট বিভাগের বিবিএ পরীক্ষায় চূড়ান্তভাবে সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত একজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হবে।

সোমবার সকালে উপাচার্য দফতরে আয়োজিত চেক হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আলী আক্কাস, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান প্রমুখ। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান স্বর্ণপদক প্রবর্তনে আর্থিক অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর